



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd




নং-৩৭.০৪.২৬৬৩.৪০২.১৭.০০১.১৫-৩৭২০

নোটিশ

তারিখ: ০৫/০৩/২০২০ খ্রি.
৩১/০৬/২০২০ খ্রি.

সম্প্রতি বৈশ্বিক করোনাভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব দেখা দেওয়ায় দেশের সার্বিক পরিস্থিতির ওপর একাডেমিক কমিটির ১৯/০৩/২০২০ খ্রি. তারিখ বৃহস্পতিবার অনুষ্ঠিত জরুরি সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

- ১। কোন প্রকার বহিরাগত বা কোন আগন্তুক ক্যাম্পাসে প্রবেশ করতে পারবে না। এ ব্যাপারে আনসার সদস্যগণকে সতর্ক থাকতে হবে। প্রয়োজনে অফিসের সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রয়োজনে নিকটস্থ নিউমার্কেট থানার সাথে যোগাযোগ করা যেতে পারে (নিউমার্কেট থানার ফোন নম্বর: ডিউডি অফিসার ৫৮৬১৭৩৯৬, অসি ০১৭১৩৩৭৩১২৮)। উল্লেখ্য, ক্যাম্পাসে বসবাসরত সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীকে অফিস চলাকালীন বাধ্যতামূলক আইডিকার্ড ব্যবহার করতে হবে।
 - ২। স্বাস্থ্যগত নিরাপত্তার কারণে অফিসের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে বিশেষ প্রয়োজন ছাড়া সাপ্তাহিক ছুটি বা অন্য কোন রকমের ছুটি নিতে পারবেনা বা ক্যাম্পাসে বসবাসরত কোন কর্মকর্তা/কর্মচারী বাড়িতে যেতে পারবে না বা বাড়ি থেকে এসে অনুমতি ব্যতীত ক্যাম্পাসে প্রবেশ করতে পারবে না।
 - ৩। একাডেমিতে পরিচালিত ২১তম সিনিয়র স্টাফ কোর্স অন এডুকেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (এসএসসিইএম), ১৫৭তম ও ১৫৮তম ফুনিয়াদি প্রশিক্ষণ কোর্সসহ অন্যান্য সকল কোর্স সাময়িকভাবে স্থগিত করা হয়েছে। পরবর্তী সময়ে কোর্স শুরু হলে নোটিশ পাওয়ার পর কোর্স শুরুর পূর্বদিন স্ব স্ব কোর্সের কোর্স পরিচালকে রিপোর্ট করবেন এবং যথারীতি অসমাপ্ত কোর্স সম্পন্ন করবেন। এমতাবস্থায় আবাসিক হোস্টেলে অবস্থানরত সকল প্রশিক্ষণার্থী অদ্য ১৯/০৩/২০২০ খ্রি. তারিখ বৃহস্পতিবার বিকাল ০৫.০০টার মধ্যে স্ব স্ব হোস্টেল ত্যাগ করতে হবে। কোন প্রশিক্ষণার্থী ক্যাম্পাসে বা হোস্টেলে বা ক্যাম্পাসস্থ কারো বাসায় অবস্থান করতে পারবেন না।
- ২। বিষয়টি অতীব জরুরি। এ ব্যাপারে সকলের সহযোগিতা একান্ত কাম্য।



(খান রফিকুল ইসলাম)

উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোন: ৫৫১৬৭৫৩৫

e-mail: info@naem.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণ:

- ১। সকল কর্মকর্তা/কর্মচারী, নায়েম, ঢাকা;
- ২। চলমান সকল প্রশিক্ষণ কোর্সের কোর্স পরিচালক, নায়েম, ঢাকা;
- ৩। সকল হোস্টেল সুপার/সহকারী সুপার, নায়েম, ঢাকা;
- ৪। চলমান সকল প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থী, নায়েম, ঢাকা;
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, ঢাকা (নোটিশটি নায়েম এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো);
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), নায়েম, ঢাকা;
- ৭। পরিচালক (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), নায়েম, ঢাকা;
- ৮। অফিস কপি।